

💵 প্রশোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ ৮ই যিলহজ্জ তারিখের কাজ (তারভিয়ার দিন) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১০৪- মিনাতে সালাতগুলো কিভাবে আদায় করতে হবে?

চার রাকআত বিশিষ্ট ফরয নামাযগুলো দু'রাকআত করে পড়তে হবে। এটাকে কসর করা বলা হয়। সে
নামাযগুলো হলো যুহর, আসর ও এশা। হজ্জের সময় মিনা, আরাফা ও মুখ্দালিফায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম মঞ্চার ভিতরের ও বাইরের সকল লোককে নিয়ে এ সালাতগুলো কসর করে পড়েছিলেন, এটা সুন্নাত।
এ ক্ষেত্রে তিনি মুকীম বা মুসাফিরের মধ্যে কোন পার্থক্য করেননি। অর্থাৎ মঞ্চার লোকদেরকেও চার রাকআত
করে পড়তে বলেননি। (ফাতাওয়া ইবনে তাইমিয়া ও ফাতাওয়া ইবনে বায) তবে মনে রাখতে হবে যে, ফজর ও
মাগরিবের ফর্য নামায অর্থাৎ দুই এবং তিন রাকআত বিশিষ্ট নামায কখনো কসর হয় না। মিনাতে প্রত্যেক
সালাত ওয়াক্তমত আদায় করবেন, জমা করবেন না। অর্থাৎ যুহর-আসর একত্রে এবং মাগরিব-এশা একত্রে
পড়বেন না। এমনকি মুসাফির হলেও না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1746

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন